# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৫

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৮. ওয়ালীমা (বিবাহোত্তর ভোজ) প্রসঙ্গে

## بَاب فِي الْوَلِيمَةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ سُلَيْمَانَ عَنْ سُلَيْمَانَ بْنِ الْمُغِيرَةِ عَنْ ثَابِتٍ عَنْ أَنَسٍ قَالَ جَاءَ رَجُلٌ قَدْ صَنَعَ طَعَامًا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْنِي فَدَعَاهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَكَذَا وَأَوْمَأَ إِلَيْهِ بِيَدِهِ قَالَ يَقُولُ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَكَذَا وَأَشَارَ إِلَى عَائِشَةَ قَالَ لَا فَأَعْرَضَ عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَوْمَأَ إِلَيْهِ الثَّانِيَةَ وَأَوْمَأَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَعْرَضَ عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَوْمَأَ إِلَيْهِ الثَّالِثَةَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهَذِهِ قَالَ نَعَمْ فَانْطَلَقَ مَعَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَائِشَةُ فَأَكَلَا مِنْ طَعَامِهِ

বাংলা

২১০৫. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, একজন লোক খাবার প্রস্তুত করে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করে বললো, ইয়া রাসুলুল্লাহ! চলুন।'- বলে লোকটি হাত দিয়ে তাঁর দিকে ইঙ্গিত করলো। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত দিয়ে আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহু এর প্রতি ইঙ্গিত করে বললেন, “সে ও (আমার সাথে যাবে)।” (জবাব না পেয়ে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটি থেকে মুখ ফিরিয়ে নিলেন। তখন দ্বিতীয় বার সে তাঁর দিকে ইঙ্গিত করলো। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত দিয়ে তাঁর (আয়েশা রাঃ) এর প্রতি ইঙ্গিত করলেন। (জবাব না পেয়ে) এবারও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটি থেকে মুখ ফিরিয়ে নিলেন। তৃতীয় বার সে তাঁর দিকে ইঙ্গিত করলো। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও হাত দিয়ে তাঁর (আয়েশা) এর প্রতি ইঙ্গিত করে বললেন: “সে ও।” তখন সে বললো, হাঁ। এরপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহু লোকটির সাথে গেলেন এবং তাঁরা উভয়ে তার খাবার হতে খেলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৩/১২৩; মুসলিম, আশরিবাহ ২০৩৭; নাসাঈ, তালাক ৬/১৫৮;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৩৫৪ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৩০১ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন